AYESHA ABED
LIBRARY

BRAC
66, Mohakhali C.A, Dacca-12

# ওটেপ

# কর্মী নির্দেশিকা

## সি আর পি টীমের কর্মীদের জন্য

ব্র্যাক BRAC

৬৬ মহাখালী, ঢাকা-১২, বাংলাদেশ

ব্র্যাক

ওটেপ সি.আর.পি

LIBRARY
BRAC
64, Mohakhali C.A. Dacca-12

...র্ব মাথাপিছু সমস্যার ন্যায় জনস্বাস্থ্য সমস্যাও বাংলাদেশে প্রকট। ব্র্যাক উন্নয়নমূলক কর্মসূচীর পাশাপাশি জনস্বাস্থ্যের উপর কাজ করছে। ১৯৭৯ সাল থেকে "ডায়রিয়া প্রতিরোধক কর্মসূচীর উপর কাজ করতে যেয়ে ব্র্যাক উপলব্ধি করে যে জনগণকে তাঁদের স্বাস্থ্যের উন্নতির জন্য কার্যকরীভাবে সচেতন করতে হবে। এই বাস্তব সত্যকে অনুধাবন করে "ডায়রিয়া প্রতিরোধক কর্মসূচী'র সাথে সংগতি রেখে জনস্বাস্থ্যের উপর জনগণকে সচেতন করার অভিপ্রায়ে স্বাস্থ্য শিক্ষা সম্প্রসারণ কার্যক্রম (কনসেনট্রেটেড রি-ইনফোর্সমেন্ট প্রোগ্রাম বা সি আর পি) ১৯৮৪ সন থেকে হাতে নেয়া হয়েছে। এ কর্মসূচীর উদ্দেশ্য হচ্ছে –

(ক) নবজাত-শিশু-জনের মুখে খাবার স্যালাইনের ব্যবহার বৃদ্ধি করত: ডায়রিয়া সংক্রান্ত রোগে মৃত্যুর হার বিশেষ করে শিশু মৃত্যুর হার কমানো।

(খ) গর্ভবতী মা, প্রসূতি ও শিশুর যত্ন সম্পর্কে জনগণকে সচেতন করা।

(গ) শিশু ও প্রসূতির মৃত্যুর হার কমানো।

(ঘ) ব্যক্তিস্বাস্থ্য সম্পর্কে জনগণকে সচেতন করা ও অভ্যাস গড়ে তোলা।

(ঙ) নবজাত শিশুকে কলস্ট্রাম খাওয়ানো এবং ৪(চার) মাস উর্ধ্বে বয়সের শিশুদের বাড়তি খাবার দেয়ার অভ্যাস গড়ে তোলা।

উপরোক্ত লক্ষ্যগুলোকে সামনে রেখে ওটেপ কার্যক্রমের ২য় পর্বে প্রতিটি উপজেলার একটি করে ইউনিয়নে সি.আর.পি'র কাজ সম্পাদিত হবে।

কর্মসূচীর সফল ও সার্থক বাস্তবায়নের জন্য এর অধীন বিভিন্ন কর্মকান্ডের উদ্দেশ্য ও বাস্তবায়নের পদ্ধতিগত প্রক্রিয়াগুলো নিম্নে বর্ণিত হল।

১। ইউনিয়ন নির্বাচন : ( Union Selection )

নির্বাচিত ইউনিয়নের বৈশিষ্ট্য হবে

(ক) ইউনিয়ন উপজেলার মধ্যখানে হতে হবে।

(খ) পার্শ্ববর্তী ইউনিয়ন সমূহের সাথে ভাল যোগাযোগ ব্যবস্থা থাকতে হবে।

(গ) নির্ধারিত ইউনিয়নের গ্রামসমূহ যতদূর সম্ভব পাশাপাশি হতে হবে।

(ঘ) খানাসংখ্যা অনূর্ধ্ব তিন হাজার হতে হবে।

(ঙ) ইউনিয়নে সরকারী চিকিৎসার সুযোগ সুবিধা অপ্রতুল।

(চ) নির্ধারিত ইউনিয়নে অন্য কোন স্বেচ্ছাসেবী সংস্থা কাজ করবে না।

(ছ) উপজেলা সদর ইউনিয়ন নির্ধারিত ইউনিয়ন হতে পারবে না।

নির্বাচন পদ্ধতি :

(ক) ওটেপ কর্মসূচীর বাস্তবায়নের প্রস্তাবনাতে যাচাইয়ে সংশ্লিষ্ট পি, ও গণ সম্ভাবনাময় ২টি ইউনিয়নের নাম ম্যানেজারকে জানাবে। এবং এ সংক্রান্ত কাগজপত্র দাখিল করতে হবে।

(ঘ) ডাক্তার কর্তৃক ও.আর.ডব্লিউ টিমের কাজ চলাকালীন সময়ে ইউনিয়নগুলো থেকে পূর্ব নির্দিষ্ট বৈশিষ্ট্যসমূহ যাচাইপূর্বক চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা ।

ঘ(১) যাচাইয়ের জন্য শিবির কেন্দ্রস্থিত গ্রাম থেকে সবচেয়ে দূরবর্তী গ্রামগুলোর অবস্থান ও যোগাযোগ ব্যবস্থা সরেজমিনে দেখতে হবে ।

ঘ(২) ইউনিয়নের চেয়ারম্যান, মেম্বার ও সম্মানিত ব্যক্তি বর্গের সাথে যোগাযোগ করে এ ব্যাপারে নিশ্চিত হতে হবে ।

ঘ(৩) উপজেলা নির্বাহী অফিসারের সাথে যোগাযোগ করে কর্মসূচীর বিস্তারিত জ্ঞাপন করা ও বাস্তবায়নে তাঁর সর্বাত্মক সহযোগিতা চাওয়া ।

ঘ(৪) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারের সাথে দেখা করা ও কর্মসূচী নিয়ে বিস্তারিত আলোচনা করা ।

ঘ(৫) টিমের শিবির নির্বাচন করা (বিস্তারিত জানার জন্য শিবির নির্বাচন পড়ুন)

২। <u>শিবির নির্বাচন</u> ( Base Selectiin )

উদ্দেশ্য : টিমের জন্য একটি নির্দিষ্ট থাকার স্থান নির্ধারণ যেখান থেকে টিম ইউনিয়নের সকল গ্রামে সুন্দর ও সুষ্ঠুভাবে কাজ করতে পারে ।

<u>পদ্ধতি</u> :

(ক) শিবির নির্বাচনে ও.আর.ডব্লিউ টিমের কাজ :

শিবির নির্বাচনের উপর কর্মসূচীর সফলতা অনেকাংশে নির্ভর করে । ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, সদস্য ও নেতৃস্থানীয়, ডাক্তারদের সাথে একত্রে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারের সাথে আলাপ আলোচনা করে শিবির নির্বাচন করা । ও.আর.ডব্লিউ টিমের ইনচার্জ কর্তৃক প্রাথমিক নির্বাচনের পর ডাক্তার চূড়ান্ত নির্বাচন করবেন । শিবির নির্বাচনের সময় যে বিষয়গুলোর উপর গুরুত্ব দিতে হবে তা হলো –

– শিবির যেন যথা সম্ভব ইউনিয়নের মধ্যবর্তী স্থানে হয় ।
– শিবির সাধারণতঃ অব্যবহৃত সরকারী ক্লিনিক, ইউনিয়ন পরিষদ অফিস, কম্যুনিটি সেন্টার প্রভাবশালী ব্যক্তির অব্যবহৃত বাড়ী ইত্যাদি স্থানে করা হয়ে থাকে । শিবিরটি সবদিক থেকে নিরাপদ কিনা তা সর্বক্ষেত্রেই যাচাই করে দেখতে হবে ।

(খ) শিবিরে নিম্নলিখিত সুবিধাসমূহ বর্তমান আছে কিনা সেদিকে নজর রাখতে হবে ।
– বাস উপযোগী নিরাপদ কক্ষসমূহ
– রান্না করার মত জায়গা ।
– পানীয় জলের উৎস, গোসল ও পায়খানার ব্যবস্থা ।

৩। <u>ডায়রিয়া কন্ট্রোল কমিটি</u> ( Diarrhoea Control Committee )

(ক) সি.আর.পি'র সুষ্ঠু বাস্তবায়নে সহায়ক শক্তি হিসাবে কাজ করার জন্য উদ্বুদ্ধ করা।

(খ) গ্রামের বিশিষ্ট ব্যক্তিবর্গকে এই কর্মসূচীর আওতাধীন আনা ।

সদস্য :

(ক) গ্রামের প্রভাবশালী ব্যক্তি হতে হবে ।

(খ) জনপ্রিয় ও সমাজকর্মী হিসাবে স্বীকৃত হতে হবে ।

(গ) প্রতিটি ওয়ার্ড/বি ব্লক থেকে প্রতিনিধিত্ব নিশ্চিত করতে হবে ।

নির্বাচন পদ্ধতি :

(ক) ও, আর, ডব্লিউ টিমের কাজের জন্য প্রাক্-সম্ভাব্যতা যাচাই থানার সংশ্লিষ্ট সি, ও গণ তাদের প্রাথমিক নির্বাচিত ২টি ইউনিয়নের প্রতিটি গ্রামের প্রভাবশালী, জনপ্রিয় ও সমাজকর্মী, শিক্ষক, ইমামদের নাম ও ঠিকানা সংগ্রহ করে তালিকা ম্যানেজারকে প্রদান করবে।

(খ) নির্বাচিত ইউনিয়নের ব্যক্তিবর্গের তালিকা সি আর পি টিমকে প্রদান ।

(গ) তালিকাভুক্ত ব্যক্তিবর্গের সাথে ব্যক্তিগত যোগাযোগ করে সভার আয়োজন করা ।

(ঘ) সভায় আলোচনার মাধ্যমে প্রতিটি গ্রামে ১০-১২ জনের একটি কমিটি গঠন করা ।

(ঙ) কমিটির উপর অর্পিত দায়িত্ব নিয়ে আলোচনা করা এবং দাই ও গ্রাম সেবিকাদের (গ্রাম ভিত্তিক) সম্ভাব্য নাম ঠিকানা সংগ্রহ করা ।

পরবর্তী পর্যায়ে চূড়ান্ত নির্বাচনের পর দাই ও গ্রাম সেবিকাদের নাম কমিটির সদস্যদেরকে জানাতে হবে যাতে তাঁরা এদেরকে কাজের জন্য উদ্বুদ্ধ করে ।

কমিটির সদস্যদেরকে নিয়ে ২ মাস অন্তর কেন্দ্রীয় আঞ্চলিক পর্যায়ে সভা করা ।

৪। গ্রাম সেবিকা ( Village Sebika )

উদ্দেশ্য :

যেহেতু শিশুর যত্ন, পারিবারিক স্বাস্থ্য সম্পূর্ণভাবে বাড়ীর মহিলাদের উপর নির্ভর করে সেহেতু কিছু কর্মী গড়ে তোলা যারা সি আর পি চলে যাবার পর স্বাস্থ্য সম্পর্কীয় কাজগুলি ত্বরান্বিত করবে ।

সম্ভাব্য সেবিকার বৈশিষ্ট্য :

(ক) বয়স গ্রহণযোগ্য (কর্মক্ষম) হতে হবে ।

(খ) কাজ করার আগ্রহ থাকতে হবে ।

(গ) সংশ্লিষ্ট এলাকার পরিবারগুলোর সাথে তার যোগাযোগ থাকতে হবে ।

(পরিবার পরিকল্পনা নির্বাচিত করা যাবে না তবে তাদেরকে কর্মসূচীর উপর বিভিন্ন সভা ও সেমিনারের মাধ্যমে কর্মমুখী করে তুলতে হবে)

নির্বাচন পদ্ধতি :

(ক) চায়রিয়া সেন্ট্রাল কমিটি কর্তৃক দেয় মহিলাদের ও, আর, ডব্লিউরা যাচাই করে পরিবর্তন ও পরিবর্ধন করে নতুন তালিকা প্রদান করবে যা চূড়ান্ত বলে বিবেচিত হবে ।

(খ) চূড়ান্ত নির্বাচিত সেবিকাদের নাম কমিটি সদস্যদের অবগত করাতে হবে ।

<u>গ্রাম সেবিকা প্রশিক্ষণ</u> (Village Sebika Training )

প্রশিক্ষণের মেয়াদ হবে ৭(সাত) দিন এবং প্রশিক্ষণ গ্রাম পর্যায়ে অথবা কেন্দ্রীয়ভাবে পরিচালনা করতে হবে। স্থান নির্ধারণ এমনভাবে করতে হবে যাতে করে প্রতিটি নির্বাচিত মহিলা অংশগ্রহণে সক্ষম হয়। নিম্নবর্ণিত মডিউল(Module ) মোতাবেক প্রশিক্ষণ পরিচালিত হবে।

১ম দিন :

অনুশীলনী – (১) পরিচয় পর্ব।
পদ্ধতি : ব্যক্তি পর্যায়ে আলাপ – সময় ৩০ মিঃ

অনুশীলনী – (২) ব্র্যাকের পরিচিতি ও সি আর পি'র উদ্দেশ্য।
সময় – ২০ মিঃ

অনুশীলনী – (৩) পরিবেশ।
পদ্ধতি : আলোচনা চিত্রমালার মাধ্যমে।
সময় – ১ ঘঃ ৩০ মিঃ

অনুশীলনী – (৪) পরিষ্কার পরিচ্ছন্নতা ও ব্যক্তি স্বাস্থ্য।
পদ্ধতি : আলোচনা চিত্রমালার মাধ্যমে।
সময় : ১ ঘণ্টা।

<u>২য় দিন</u> :-

অনুশীলনী – (১) পানি এবং পানি বাহিত রোগ
পদ্ধতি : আলোচনা চিত্রমালার মাধ্যমে।
সময় : ১ ঘণ্টা।

অনুশীলনী – (২) পুষ্টি ও পুষ্টিহীনতা।
পদ্ধতি : আলোচনা চিত্রমালার মাধ্যমে।
সময় : ১ ঘণ্টা।

অনুশীলনী – (৩) খাদ্য
পদ্ধতি : আলোচনা চিত্রমালার মাধ্যমে।
সময় : ১ ঘণ্টা ৩০ মিনিট।

অনুশীলনী –(৪) রোগ ও তার বিস্তার।
পদ্ধতি : আলোচনা চিত্রমালার মাধ্যমে।
সময় : ১ ঘণ্টা।

পর্যালোচনা – সময় ৩০ মিঃ

৩য় <u>৩য় দিন</u> :-

অনুশীলনী -(১) ডায়রিয়া সম্পর্কে ধারণা।
পদ্ধতি : আলোচনা।
সময় : ৩০ মিঃ

অনুশীলনী -(২) ডায়রিয়া রোগের কারন এবং বিস্তার
পদ্ধতি : বক্তৃতা ও চিত্রমালা।
সময় : ১ ঘণ্টা।

অনুশীলনী - (৩) ডায়রিয়া রোগের চিকিৎসা এবং ও, আর, এস এর ব্যবহার
পদ্ধতি : আলোচনা এবং বক্তৃতা।
সময় : ১ ঘণ্টা।

অনুশীলনী - (৪) ডায়রিয়া রোগে এন্টিবায়োটিক ব্যবহারের কুফল।
পদ্ধতি : বক্তৃতা।
সময় : ২০ মি

অনুশীলনী - (৫) লবণ-গুড় স্যালাইন তৈরী এবং রোগীর যত্ন।
সময় : ১ ঘণ্টা।

<u>৪র্থ দিন</u> :-
অনুশীলনী -(১) শিশুর যত্ন।
পদ্ধতি:আলোচনা চিত্রমালার সাহায্যে।
সময় : ১ ঘণ্টা ৩০ মি

অনুশীলনী -(২) মায়ের যত্ন।
পদ্ধতি : আলোচনা চিত্রমালার সাহায্যে।
সময় : ১ ঘণ্টা ৩০ মিনিট।

অনুশীলনী - (৩) কলোস্ট্রাম।
পদ্ধতি : আলোচনা।
সময় : ৩০ মি :

অনুশীলনী - (৪) বুকের দুধ ও বাড়তি খাবার।
পদ্ধতি : আলোচনা চিত্রমালার সাহায্যে।
সময় : ৩০ মি

<u>৫ম দিন</u> :-
অনুশীলনী -(১) পুনরালোচনা।
পদ্ধতি : আলোচনা
সময় : ৩০ মি

অনুশীলনী -(২) সংক্রামক রোগের বিস্তার ও প্রতিরোধ।
পদ্ধতি : আলোচনা চিত্রমালার সাহায্যে।
সময় : ১ ঘণ্টা ৩০ মিনিট।

অনুশীলনী -(৩) বাড়তি খাবারের অনুশীলন ( Practical Demonstration )
সময় : ১ ঘণ্টা ৩০ মিনিট

অনুশীলনী -(৪) উন্নত চুলা।
পদ্ধতি : আলোচনা ও চুলা বানানোর প্রশিক্ষণ গ্রহণ।
সময় : ১ ঘণ্টা।

৬ ষ্ঠ দিন :-

অনুশীলনী -(১) পর্যালোচনা ও পুনরালোচনা ।

পদ্ধতি : আলোচনা ।

সময় : ৩০ মিনিট ।

অনুশীলনী -(২) রোগীর যত্ন এবং পর্যবেক্ষণ ।

পদ্ধতি : আলোচনা ।

সময় : ১ ঘন্টা ।

অনুশীলনী -(৩) প্রাথমিক চিকিৎসা ।

পদ্ধতি : আলোচনা চিত্রমালার মাধ্যমে ।

সময় : ২ ঘন্টা ।

অনুশীলনী -(৪) উন্নত চুলা ।

পদ্ধতি : চুলা তৈরী ।

৭ম দিন :

অনুশীলনী -(১) পুষ্টিহীনের বিপদ আলোচনা ।

পদ্ধতি : আলোচনা ।

সময় : ২ ঘন্টা ।

অনুশীলনী -(২) দায়িত্ব বন্টন

পদ্ধতি : আলোচনা ।

সময় : ২ ঘন্টা ।

অনুশীলনী (৩) চুলা

পদ্ধতির চুলা তৈরী সম্পূর্ণ করা ।

<u>গ্রাম সেবিকাদের দায়িত্ব</u> ( Responsibility of Sebikas )

(ক) নিজ পরিবারে ডায়রিয়া হলে লবন গুড় জলের স্যালাইন (এল, জি, এস) ব্যবহার করা ও সংশ্লিষ্ট পরিবারগুলোতে ডায়রিয়া হলে রোগীর চিকিৎসা করা ও লবন গুড় জলের স্যালাইন ব্যবহারের জন্য উদ্বুদ্ধ করা ।

(খ) নিজ পরিবার তথা সংশ্লিষ্ট পরিবারের নবজাত শিশুকে কলস্ট্রাম খাওয়ানো ।

(গ) ৪ ও ৫ বছরের উর্ধের শিশুকে বাড়তি খাবার দেওয়ার ব্যাপারে নিজ পরিবারে তথা সংশ্লিষ্ট পরিবারের মধ্যে অনুশীলন ও উদ্বুদ্ধ করা ।

(ঘ) পারিপার্শ্বিক গর্ভবতী ও প্রসূতীর যত্ন নেওয়া ।

(ঙ) ব্যক্তি-স্বাস্থ্যের উন্নতির জন্য প্রতিটি পদক্ষেপ নিজে, নিজ পরিবারের সদস্যের, সংশ্লিষ্ট সদস্যের মধ্যে প্রচলন করা । বিশেষ করে শিশুদের বেলায় যত্নবান হতে হবে ।

(চ) জনস্বাস্থ্যের উন্নতির জন্য পয়ঃপ্রনালী, বিশুদ্ধ পানি পান ইত্যাদি ব্যাপারে নিজে অনুশীলন করা ও অনুশীলন করতে সবাইকে উদ্বুদ্ধ করা ।

(ছ) স্বাস্থ্যসম্মত পায়খানা তৈরী ও ব্যবহার করা ও অন্যকে এ ব্যাপারে সহায়তা করা ।

(জ) আধুনিক চুলা তৈরী করতঃ নিজ পরিবারে ব্যবহার নিশ্চিত করা ও অন্যদেরকে ব্যবহারের জন্য উদ্বুদ্ধ করা ।

<u>ও,আর,ডব্লিউ কর্তৃক গ্রামসেবিকা তদারকি প্রক্রিয়া</u> :(Sebika Supervision by ORW)

গুরুত্ব তদারকি যে কোন কর্মীকে কর্মতৎপর করার জন্য অপরিহার্য । তাই গ্রাম সেবিকাদের তদারকি নিম্ন উপায় অনুসরন করতে হবে ।

(ক) সেবিকাদের সাথে সাক্ষাৎ করে তাদের বিগত দিনের কাজ সম্পর্কে জেনে সম্ভাব্য আকর্ষনীয় কাজগুলো সেবিকাসহ যৌথভাবে সমাধা করা ।

(খ) গর্ভবতী ও প্রসূতী মহিলা এবং ৪ মাসের শিশুদের তথ্য নিয়ে নির্ধারিত সকল কাজের গতি নিরীক্ষা করে অসমাপ্ত কাজগুলো সেবিকাদের নিয়ে সমাপ্ত করা ।

(গ) ব্যক্তি-স্বাস্থ্য সংক্রান্ত জানা নিয়মাবলী সেবিকারা নিজ পরিবারের সকল সদস্যরা পালন করে কিনা তা যাচাই করা ।

(ঘ) আঞ্চলিক কেন্দ্রীয়ভাবে দুই মাস অন্তর কেন্দ্র কর্মশালা সংগঠিত ও পরিচালনা করা ।

<u>গ্রাম সেবিকা সংক্রান্ত তথ্য সংরক্ষন পদ্ধতি</u> :

(ক) প্রতিটি কর্মী কর্তৃক যেদিন যে সব সেবিকাদের তদারকি করবেন তার বিস্তারিত বিবরণ তারিখ অনুযায়ী ডায়রীতে লিপিবদ্ধ করতে হবে ।

(খ) প্রতিটি টিমে একটি গ্রাম সেবিকা প্রশিক্ষন রেজিষ্টার সংরক্ষন করা হবে যার ছক নিম্নরূপ :

<u>গ্রাম সেবিকা প্রশিক্ষন রেজিষ্টার</u>

ইউনিয়ন :  উপজেলা :
ব্যাচ :
প্রশিক্ষনকাল :
গ্রাম :

| ক্রমিক সংখ্যা | সেবিকার নাম | কর্তার নাম | সম্পর্ক | পাড়া | শিক্ষাগত যোগ্যতা | ফলো-আপ | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | কর্মীর নাম | তারিখ |
| | | | | | | | |

| কাজের বিবরণ (প্রতি ২ মাস অন্তর) | | মন্তব্য |
|---|---|---|
| কলস্ট্রাম খাওয়ানোর সংখ্যা | রোগীর মৃত্যুর সংখ্যা | |
| | | |

৫। দাই (Dai) :-

গ্রামীন সমাজ ব্যবস্থায় দাইদের ভূমিকা অনস্বীকার্য। অথচ অনভিজ্ঞতা ও প্রচলিত কুসংস্কারের ফলে অনেক প্রসূতি মা ও নবজাত শিশুকে অকাল মৃত্যুর শিকারে পরিনত হতে হয়। তাই দাইদের বিজ্ঞানসম্মত ধারনা দিয়ে উপযুক্ত করে তোলা সমাজের বৃহত্তর স্বার্থেই প্রয়োজন।

দাই প্রশিক্ষনের উদ্দেশ্য :

(ক) দাইদের বিজ্ঞান সম্মত শিক্ষা দান করা।
(খ) প্রসূতি মা ও নবজাত শিশুর মৃত্যুর হার কমানো।
(গ) পেশামূখী মনোবৃত্তির পাশাপাশি সেবামূখী মনোভাবের দাই গড়ে তোলা।

সম্ভাব্য দাই-এর বৈশিষ্ট্য :

(ক) যাদের দক্ষতা সর্বজন স্বীকৃত।
(খ) যাদের বয়স গ্রহনযোগ্য।
(গ) যাদের পেশাদারী দাই হিসাবে সুখ্যাতি রয়েছে।

দাই নির্বাচন পদ্ধতি :

(ক) ডায়রিয়া প্রতিরোধ কমিটির সদস্যদের থেকে নাম ও ঠিকানা সংগ্রহ।
(খ) ও,আর,ডব্লিউ কর্তৃক তালিকাভূক্ত দাইদের সম্বন্ধে গ্রামের মহিলাদের থেকে জানা।
(গ) ও,আর,ডব্লিউ কর্তৃক কোন দাই আছে কিনা তার নাম সংগ্রহ করা এবং যোগ্যতার পর্যালোচনা করা।
(ঘ) ও,আর,ডব্লিউ কর্তৃক চূড়ান্ত তালিকা টিম ইন-চার্জকে প্রদান।
(ঙ) চূড়ান্ত তালিকাভূক্ত দাইদের নাম কমিটির সদস্যদের অবগত করানো।

দাই প্রশিক্ষন ( Dai Training )

প্রশিক্ষনের মেয়াদ হবে ৭(সাত) দিন যা কেন্দ্রীয় বা আঞ্চলিক ভাবে এক বা ততোধিক ব্যাচে দেওয়া যাবে। স্থান ও দিনক্ষন এমনভাবে নির্ধারন করতে হবে যাতে সবাই প্রশিক্ষনে অংশগ্রহন করতে পারে। নিম্ন বর্ণিত মডিউল ( Training.Module ) মোতাবেক প্রশিক্ষন পরিচালিত হবে।

১ম দিন :

অনুশীলনী -(১) পরিচয় পর্ব।
পদ্ধতি : ব্যক্তি পর্যায়ে আলাপ
সময় : ৩০ মিনিট।

অনুশীলনী -(২) : স্রাব ও সি, আর, পি।
পদ্ধতি : আলোচনা
সময় : ১৫ মিনিট।

অনুশীলনী -(৩) : প্রশিক্ষণের উদ্দেশ্য।
পদ্ধতি : আলোচনা ও উপস্থাপন।
সময় : ৪০ মিনিট।

অনুশীলনী -(৪) : প্রসব সম্পর্কে ব্যক্তিগত অভিজ্ঞতা
পদ্ধতি : আলোচনা ও লিপিবদ্ধ করা।
সময় : ১ ঘণ্টা ২০ মিনিট।

<u>২য় দিন</u> :

অনুশীলনী -(১) : গর্ভধারনের লক্ষণ
পদ্ধতি : আলোচনা।
সময় : ৪০ মিনিট।

অনুশীলনী -(২) : গর্ভধারনের লক্ষন পরীক্ষা।
পদ্ধতি : আলোচনা।
সময় : ১-২০ মিনিট।

অনুশীলনী -(৩) : গর্ভবতী মায়ের করনীয় কাজ।
পদ্ধতি : আলোচনা।
সময় : ৩০ মিনিট।

<u>৩য় দিন</u> :

অনুশীলনী -(১) : প্রসবের প্রকার ও সম্ভাব্য জটিলতা।
পদ্ধতি : আলোচনা
সময় : ২ ঘণ্টা ১০ মিনিট।

অনুশীলনী -(২) : প্রসবকালীন করনীয় কাজ।
পদ্ধতি : আলোচনা।
সময় : ১-২০ মিনিট।

<u>৪র্থ দিন</u> :

অনুশীলনী -(১) : প্রসবের আগে ও পরে মা ও শিশুর যত্ন।
পদ্ধতি : আলোচনা
সময় : ১-২০ মিনিট।

অনুশীলনী -(২) : আতুর ঘরে মা ও শিশুর যত্ন।
পদ্ধতি : আলোচনা - চিত্রমালার মাধ্যমে।
সময় : ১২০ মিনিট।

৫ম দিন :

অনুশীলনী -(১) : প্রচলিত কুসংস্কার ।
পদ্ধতি : আলোচনা ।
সময় : ৯০ মিনিট ।

অনুশীলনী - (২) : দাইয়ের গুনাবলী ।
পদ্ধতি : আলোচনা ।
সময় : : ৬০ মিনিট ।

অনুশীলনী (৩) : ডায়রিয়া ও লবন গুড় জলের স্যালাইন ।
পদ্ধতি : আলোচনা ।
সময় : ৯০ মিনিট ।

৬ষ্ঠ দিন :

অনুশীলনী -(১) : প্রাথমিক চিকিৎসা ও জন- স্বাস্থ্য ।
পদ্ধতি : আলোচনা চিত্রমালার মাধ্যমে ।
সময় : ১২০ মিনিট ।

অনুশীলনী -(২) : সমাজের প্রতি দাইদের দায়িত্ব :
পদ্ধতি : আলোচনা ।
সময় : ৯০ মিনিট ।

৭ম দিন :

অনুশীলনী -(১) : পুনরালোচনা, মূল্যায়ন ও কর্ম পরিকল্পনা প্রনয়ন এবং চুলার উপর প্রশিক্ষন
সময় : ৪ ঘন্টা ।

দাইদের উপর অর্পিত দায়িত্ব :

(ক) স্বাস্থ্যসম্মত প্রসব করানো :
১। ব্লেড ও সুতা সিদ্ধ করা ।
২। হাতের নখ ছোট করে কাটা ।
৩। পরিস্কার কাপড় পরা ।
৪। কাপড় দিয়ে মুখ ঢেকে রাখা ।
৫। কাপড় দিয়ে চুল ঢেকে রাখা ।
৬। ডেটল পানি দিয়ে হাত ধোয়া ।

(খ) প্রাক প্রসবকালীন ও প্রসবের পর সঠিক যত্ন নেওয়া ।
(গ) নবজাত শিশুকে কলষ্ট্রাম খাওয়ানো ।
(ঘ) লবন গুড় জলের স্যালাইনের ব্যবহার বৃদ্ধিকল্পে রোগীর যত্ন ।
(ঙ) নিজ বাড়ীতে আধুনিক চুলার প্রচলন ।

দাইয়ের কাজের তদারকি (Dai Supervision)

সর্বোপরি গর্ভবতী মা কিংবা প্রসূতির সাথে আলাপকালে দাইয়ের ভূমিকা জানতে হওয়া :-

(১) বাচ্চাকে কলস্ট্রাম খাওয়ানো হয়েছে কিনা।
(২) গর্ভবতী মা ও শিশুর খাবারের ব্যাপারে কি ভূমিকা পালন করেছে :
(৩) শিশুদের বাড়তি খাবার নিয়মমতো খাইয়েছে কিনা।
(৪) প্রসবকালীন সময়ে সরাসরি উপস্থিত থেকে আধুনিক পদ্ধতি অবলম্বন করে কিনা তা পর্যবেক্ষণ করে সক্রিয় করে তোলা।

এখানে উল্লেখযোগ্য যে গর্ভবতী মা'দের তথ্যাদি পূর্বেই টিম কর্তৃক সংগ্রহ করতে হবে।
২ মাস অন্তর বা সি আর পি'র কাজ শেষ হওয়ার পূর্বেই কেন্দ্রীয় বা আঞ্চলিক পর্যায়ে কর্মশালা সংগঠন ও পরিচালনা করতে হবে।

দাই সংক্রান্ত তথ্য সংরক্ষণ :

(ক) দাই তদারকি বিস্তারিত তারিখ অনুযায়ী ডায়েরিতে লিপিবদ্ধ করতে হবে।
(খ) প্রতিটি সি আর পি টিমে একটি করে দাই রেজিস্টার (ফর্ম হবে নিম্নরূপ) থাকবে।

দাই প্রশিক্ষণ রেজিস্টার

ইউনিয়ন : উপজেলা :

| ক্রমিক সংখ্যা | দাইয়ের নাম | স্বামীর নাম | বয়স | গ্রাম | প্রশিক্ষণ কাল | দাইয়ের কাজ (প্রতি ২ মাসে) | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | কলস্ট্রাম খাওয়ানোর সংখ্যা | প্রসব করানোর সংখ্যা | রোগীর মৃত্যুর সংখ্যা |
| | | | | | | | | |

| সনদ প্রাপ্ত | | মন্তব্য |
|---|---|---|
| কর্মীর নাম | তারিখ | |
| | | |

৫। <u>স্কুল ফোরাম</u> : ( School Forum )

১. বাংলাদেশের প্রায় প্রতিটি গ্রামে একটি করে প্রাথমিক বিদ্যালয় আছে এবং প্রায় প্রতিটি বাড়ী থেকে একটি শিশু বিদ্যালয়ে পড়তে যায়, এই শিশুদের শৈশব থেকে স্বাস্থ্য সম্পর্কে সচেতন করে তোলা এবং ডায়রিয়া প্রতিরোধক তথা ব্যক্তি-স্বাস্থ্য ব্যাপারে সহায় শক্তি হিসাবে গড়ে তোলার লক্ষে স্কুল ফোরামকে কাজে লাগানো যেতে পারে।

(ক) ছাত্র-ছাত্রীকে লবণ গুড় জলের স্যালাইনের কার্যকারিতা সম্পর্কে ধারনা দেওয়া।
(খ) ব্যক্তি-স্বাস্থ্য সম্পর্কে সচেতন করতঃ বাস্তব অনুশীলনের মাধ্যমে অভ্যাস গড়ে তোলা।

<u>পদ্ধতি</u> :

(ক) ইউনিয়নের কাজ শুরু করার পূর্বে উক্ত ইউনিয়নের প্রতিটি স্কুলের নাম ও অবস্থান সম্পর্কে এরিয়া অফিস হতে তথ্য সংগ্রহ করা।

(খ) প্রাক্ যোগাযোগের মাধ্যমে প্রতিটি স্কুল মিটিং এর দিন তারিখ নির্ধারন করতে হবে। এবং নির্দিষ্ট দিনে ছাত্র-ছাত্রী ও শিক্ষকদের নিয়ে স্বাস্থ্য শিক্ষার আসর করা। আসরে নিম্নলিখিত বিষয়গুলোর উপর শিক্ষাদান করা :

(১) পরিস্কার পরিচ্ছন্নতা।
(২) নখ কাটা
(৩) পায়খানা থেকে এসে সাবান বা মাটি বা ছাই নিয়ে হাত পা ধুয়া।
(৪) খাওয়ার পূর্বে হাতমুখ পরিস্কার করা।
(৫) নিয়মিত দাঁত মাজা।
(৬) টিউবওয়েলের পানি ব্যবহার ও পান করা।
(৭) ৭ পয়েন্ট ও এল, জি, এস এর উপর আলোচনা।

(গ) মিটিং এর পর লিফলেট বিতরন করা।
(ঘ) পরবর্তীতে কেন্দ্রীয় আঞ্চলিক শিক্ষক কর্মশালা সংগঠিত ও পরিচালনা করা।

<u>স্কুল তদারকি</u> ( School Follow-up )

প্রতি ১৫ (পনের দিন) অন্তর সংশ্লিষ্ট স্কুলে যেয়ে ব্যক্তি-স্বাস্থ্য সংক্রান্ত নিয়ম-কানুন গুলি অভ্যাস পরিনত করছে কিনা তা পর্যবেক্ষণ করা এবং আরো উদ্বুদ্ধ করার জন্য মিটিং করা।

২. <u>হাই স্কুল/মাদ্রাসা</u> :

: সংশ্লিষ্ট স্কুল মাদ্রাসার প্রধান শিক্ষকের সাথে যোগাযোগ করে নির্দিষ্ট দিনে ব্যক্তি-স্বাস্থ্য ও ডায়রিয়ার ব্যাপারে ছাত্র-ছাত্রীদের সাথে বিস্তারিত আলোচনা করা।

: ছাত্র-ছাত্রীদের মধ্যে লিফলেট বিতরণ
: প্রতিষ্ঠানে পোষ্টার লাগানো

৬। <u>রোগীর যত্ন ও পর্যবেক্ষন</u> ( Patient Care & Follow-up )

সমাজে ওটেপের শিক্ষাদান স্থায়ীভাবে ধরে রাখার জন্য তথা মুখে খাওয়ার স্যালাইন জনপ্রিয় করার সর্বোৎকৃষ্ট উপায় হচ্ছে রোগীর যত্ন ও তার পর্যবেক্ষন। এর সফল ও সার্থক প্রয়োগের মাধ্যমে স্যালাইনের ব্যবহার হার বৃদ্ধি করা সম্ভব।

উদ্দেশ্য সমূহ :

(ক) লবন গুড় জলের স্যালাইনে রোগীর চিকিৎসা করে মুখে খাওয়ার স্যালাইনের প্রতি জনগণের আস্থা গড়ে তোলা ।

(খ) ডায়রিয়া হলে মুখে খাবার স্যালাইন ব্যবহারে জনগণকে উৎসাহিত করা ।

(গ) লবন গুড় জলের স্যালাইনের কার্যকারিতা জনগনের মধ্যে প্রচার করা ।

<u>পদ্ধতি সমূহ</u> :

এই প্রোগ্রামের সঠিক ও সার্থক বাস্তবায়নের জন্য নিম্নলিখিত পদ্ধতিগুলো অনুশীলন করা হয় :

(ক) পি, ও গণকে গ্রামে কাজ করার সময় রোগী খোঁজ করে তাৎক্ষনিক চিকিৎসা করা এবং পরবর্তী দিন ঐ রোগীদের খোঁজ করে মিটিং করা ।

(খ) ও, আর, ডব্লিউরা গ্রামে কাজ করার সময় কোন রোগী পেলে তাৎক্ষনিক চিকিৎসা করা এবং কোন পি, ও সাথে থাকলে তাকে জানানো । পরবর্তীতে পি, ও কে ঐসব রোগীর খোঁজ খবর নেয়া , পরামর্শ দেয়া এবং মিটিং করা ।

(গ) গ্রাম সেবিকা ও দাইরা যেসব রোগীর চিকিৎসা করবে সেবিকা ও দাইদের সাথে মিলিত হয়ে তাদের নাম ঠিকানা সংগ্রহ করা এবং পর্যবেক্ষন করা ও সংশ্লিষ্ট যা পরিবারের সদস্য সদস্যাদের সাথে আলাপ করা ।

(ঘ) <u>ডায়রিয়া ক্লিনিক</u> :

প্রতিটি টিমে একটি করে ক্লিনিক থাকবে যেখান থেকে গুরুতর ডায়রিয়া আক্রান্ত রোগীরা চিকিৎসা পাবে । পর্যায়ক্রমে এই ক্লিনিকের দায়িত্ব প্রত্যেক কর্মীর থাকবে । রোগী চিকিৎসার জন্য এই ক্লিনিক সকালে ও বিকালে খোলা থাকবে । সকাল ৯.০০ টা পর্যন্ত একজন পি, ওর ও বিকাল ৪.০০ টার পর ও, আর, ডব্লিউদের হাতে থাকবে । অন্তবর্তী-কালীন সময় কোন রোগী আসলে কর্মীরা যেখানে কর্মরত আছে তথায় রোগীর লোকজন নিজ দায়িত্বে খবর দিয়ে চিকিৎসার সুযোগ গ্রহন করবে । ক্লিনিক চিকিৎসার জন্য ইউনিয়নের প্রতিটি গ্রামে সময়সূচী সবাইকে জানানো দরকার ।

<u>তথ্য সংরক্ষণ</u> (

চিকিৎসাকৃত রোগীর বিবরণ সম্বলিত একখানা রেজিষ্টার থাকবে ও তার ছক্ হবে —

ব্র্যাক/ওটেপ
<u>রোগী পরিচর্যা রেজিষ্টার</u>
<u>এরিয়া নম্বর</u> :

ইউনিয়ন :
সি আর পি টিম নম্বর : উপজেলা :

| ক্রমিক নম্বর | তারিখ | রোগীর নাম | কর্তার নাম | বয়স | পাড়া | চিকিৎসার বিবরণ | কর্মীর নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | |

৭। <u>ফোরাম সমূহ</u> ( All other forum )

যেহেতু আমাদের সমাজ পুরুষ দ্বারা শাসিত অর্থাৎ মেয়েদের পিল অনুশীলনে পুরুষদের সম্মতি না থাকলে তাদের সে শিক্ষা বাস্তবে কাজে লাগানো সম্ভব নয়। তাই পুরুষ যোগাযোগ একান্তই প্রয়োজন।

আবার প্রতিটি মহিলাকে কর্মিকাদের মাধ্যমে আলাদা ভাবে মহিলা যোগাযোগ ও আলোচনা করনীয়। প্রতিটি মহিলা ও পুরুষকে ব্যক্তি স্বাস্থ্য, জনস্বাস্থ্য ও ডায়রিয়া ব্যাপারে সচেতন করার জন্য বিভিন্ন মুখী ফোরামের মাধ্যমে যোগাযোগ করা হয়।

<u>পদ্ধতি</u> :

(ক) ব্যক্তিগত যোগাযোগ (Individual Contect) পুরুষ ও মহিলা।
(খ) আসর ( Discussion forum ) – পুরুষ ও মহিলা।
(গ) তাৎক্ষনিক সভা ( Spot meeting )
(ঘ) মসজিদ আসর ( Mosque forum )
(ঙ) হাট ফোরাম ( Hat forum )
(চ) সেমিনার ( Seminar )
(ছ) গ্রাম্য-চিকিৎসক সেমিনার ( Village Doctor/Quack Seminar )

<u>ব্যক্তিগত যোগাযোগ</u> :

— পি,ও রা গ্রামের প্রতিটি পুরুষের সাথে দেখা করে সি তার পি'র প্রতিটি বিষয়ে আলাপ করবে।

— অনুরূপভাবে মহিলা কর্মীদেরও গ্রামের প্রতিটি বাড়িতে যেয়ে মহিলাদের সাথে ব্যক্তিগত ভাবে আলাপ করবে।

<u>আসর</u> :

গ্রামকে বিশিষ্ট কয়েকটি ভাগে ভাগ করে (Corner) বা পাড়া ভিত্তিক অধিক সংখ্যক পুরুষ মহিলা সমন্বয়ে আসরের ব্যবস্থা করা। পি,ও কর্তৃক পুরুষ আসর এবং ও,আর,ডব্লিউ কর্তৃক মহিলা আসর সংগঠিত ও পরিচালিত হবে। দুটি ভিন্ন উপায়ে আসর করা যেতে পারে যথা – সংগঠিত এবং তাৎক্ষনিক। আসর পরিচালনায় নির্দিষ্ট বিষয় নির্ধারিত করতে হবে ও পরবর্তী আসরে অবশিষ্ট বিষয়গুলি আলাপ করতে হবে। আসর করার ১৫ (পনের) দিনের মধ্যে পর্যবেক্ষন করে অনুশীলনে ত্রুটি বা অনুশীলনে অনীহা দূর করার জন্য আলাপ করতে হবে।

<u>তাৎক্ষনিক সভা</u> :

গ্রামে কাজ চলাকালীন পি,ও পারলে যতবেশী সম্ভব পুরুষদের সাথে তাৎক্ষনিক সভার মাধ্যমে আলাপ করা।

<u>মসজিদ ফোরাম</u> : ( Mosque forum )

ধর্মীয় নেতৃবৃন্দরা সমাজের বিভিন্ন সিদ্ধান্তে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকেন। তাই ব্যক্তি ও জনস্বাস্থ্যের উন্নতি এবং মুখে খাওয়ার স্যালাইনের জনপ্রিয়তা অর্জনের জন্য তাঁদের সহযোগীতা একান্তই প্রয়োজন। যে সকল উদ্দেশ্যকে সামনে রেখে এই ফোরামের আয়োজন করা হয় তা হচ্ছে —

উদ্দেশ্য :

(ক) বর্তমান ধর্মপ্রাণ মুরুব্বীদেরকে কর্মসূচীর আওতায় আনা এবং সি আর পি টিমের সহায়ক শক্তি হিসাবে কাজে লাগানো।

(খ) ধর্মীয় প্রতিষ্ঠানগুলোর নিয়ন্ত্রণকারী ব্যক্তিদেরকে কর্মসূচীর প্রতি সমর্থন আদায় করা।

পদ্ধতি :

(ক) সংশ্লিষ্ট ইউনিয়নের প্রতিটি মসজিদের ইমামদের সাথে দেখা করে কর্মসূচীর বিস্তারিত আলোচনা করা।

(খ) শুক্রবারে জুম্মার নামাজের দিন সকল মুসল্লীদের উপস্থিতিতে কর্মসূচীর উপর আলোচনা করা।

(গ) ইউনিয়ন ভিত্তিক সকল ইমাম ও প্রভাবশালী মুসল্লীদের সমন্বয়ে কেন্দ্রীয় সভা ডেকে কর্মসূচীর বিস্তারিত আলাপ করা, কেন্দ্রীয় সমন্বয় কমিটি গঠন করা এবং প্রচারের জন্য তাঁদের উদ্বুদ্ধ করা।

(ঘ) মুসল্লীদের মধ্যে প্রচার পত্র বিলি করা।

হাট ফোরাম ( Hat Forum )

গ্রামে গঞ্জে সি আর পি কার্যক্রম ব্যাপকভাবে প্রচার করাই হচ্ছে হাট ফোরামের উদ্দেশ্য।

পদ্ধতি :

(ক) হাট বা বাজারের নেতৃস্থানীয় লোকদের সাথে ব্যক্তিগত ও সমষ্টিগত ভাবে আলাপ করা।

(খ) হাটের বিভিন্ন স্থানে ডায়রিয়ার পোষ্টার লাগানো।

(গ) মহামারী দেখা দিলে হাট চলাকালীন সময়ে সুবিধাজনক যানবাহনে মাইক বেঁধে ডায়রিয়া প্রতিকার ও প্রতিরোধের প্রচার চালানো।

(ঘ) সি আর পি সম্পর্কিত প্রচারপত্র হাটসমূহে বিলি করা।

ইউনিয়ন ফোরাম : ( Union Forum )

ইউনিয়ন পর্যায়ে এলাকার চেয়ারম্যান, মেম্বার ও অন্যান্য সম্মানিত ব্যক্তিদের নিয়ে ইউনিয়ন কার্যালয়ে বা অন্য কোন সুবিধাজনক স্থানে সেমিনার সংগঠিত করা। সম্ভাবনাময় টি, সি, সি সদস্যরা উক্ত সেমিনারে উপস্থিত থাকবে।

ক্লাব ফোরাম ( Club Forum )

ক্লাবের সভাপতি কিংবা সেক্রেটারীর সাথে যোগাযোগ করে সকল সদস্যদের নিয়ে মিটিং করা। সদস্যরা যে যে গ্রাম থেকে এসেছেন সেইসব সংশ্লিষ্ট গ্রামে ব্যক্তিস্বাস্থ্য ও জনস্বাস্থ্যের উপর তাঁদের কি ভূমিকা থাকতে পারে তা আলোচনা করা ও কাজ করার জন্য উদ্বুদ্ধ করা।

<u>সেমিনার</u> (Seminar )

উদ্দেশ্য :

(ক) সি, আর, পি সম্পর্কে বিশদ ধারনা দেয়া ।
(খ) জনস্বাস্থ্য ও ব্যক্তিস্বাস্থ্য সম্পর্কে আলোচনা পূর্বক সচেতন করা ।
(গ) কর্মসূচীর প্রতি আস্থাশীল করে তোলা ও জন ও ব্যক্তি- স্বাস্থ্যের কাজ জনগণ যাতে উদ্যোগে পরিণত করে এ ব্যাপারে তাদেরকে উৎসাহিত করা ।

<u>পদ্ধতি</u> :

(ক) গ্রামের প্রতিপত্তিশালী নেতৃস্থানীয় ও শিক্ষিত তরুণ সচেতন পুরুষ ও মহিলাদের নামের তালিকা প্রস্তুত করা ।

(খ) তালিকাভুক্ত ব্যক্তিদের সাথে আলোচনা পূর্বক সেমিনারের দিন, ক্ষণ ও স্থান ঠিক করা ।
(গ) নির্দিষ্ট দিনে , নির্দিষ্ট সময়ে সেমিনার পরিচালনা করা ।

<u>সেমিনারের আলোচ্য বিষয়</u> : (ক) পুরুষ পর্যায়ে :

(১) পরিবেশ ও রোগের বিস্তার ।
(২) স্বনীমিত ( Self limiting & washout theory ) ডায়রিয়া সম্পর্কে ধারনা দেয়া।
(৩) ব্যক্তি- স্বাস্থ্য
(৪) জনস্বাস্থ্য
(৫) কনষ্ট্রাম
(৬) শিশুর যত্ন
(৭) আধুনিক চুলা
(৮) সমাজের প্রতি তাঁদের দায়িত্ব ও করণীয় ।

(খ) <u>মহিলা পর্যায়ে</u> :

(১) পুরুষ সেমিনারের অনুরূপ
(২) মায়ের যত্ন – গর্ভবতী মায়ের খাবার
 – দুগ্ধবতী মায়ের খাবার

সেমিনারে স্বাস্থ্য শিক্ষা চিত্রমালা ইত্যাদি ব্যবহার করতে হবে ।

প্রতিটি গ্রামে পুরুষ ও মহিলা সেমিনার অবশ্যই করতে হবে ।

<u>গ্রাম চিকিৎসক সেমিনার</u> ( Village Doctor Seminar )

<u>উদ্দেশ্য</u> :

(ক) সি আর পি মাঠভিত্তিক কার্যক্রম সম্পর্কে ধারনা দেয়া ।
(খ) ডায়রিয়ার সহজ চিকিৎসার ( Oral Saline ) ব্যাপারে ধারনা দেয়া ও বিজ্ঞান সম্মত পদ্ধতি অবগত করানো ।
(গ) ব্যক্তি- স্বাস্থ্য সংরক্ষন ও উন্নয়নে এবং এল, জি, এস ব্যবহারে জনগণকে উৎসাহিত করার জন্য চিকিৎসকগণকে উদ্বুদ্ধ করা ।

<u>পদ্ধতি</u> :

(ক) ইউনিয়নে কর্মরত চলমান গ্রাম চিকিৎসক কার্যরত সহকারীদের নাম ও ঠিকানা সংগ্রহ করা।
(খ) স্বেচ্ছাসেবী চিকিৎসকদের সাথে যোগাযোগ করে দিন সময় ও স্থান নির্বাচন করা।
(গ) পত্রদ্বারা নিমন্ত্রন করা।
(ঘ) নির্দিষ্ট তারিখে সেমিনার করা।

<u>আলোচ্য বিষয়</u> :

(ক) ব্যক্তি স্বাস্থ্য
(খ) জনস্বাস্থ্য
(গ) মা ও শিশুর যত্ন
(ঘ) এন্টিবায়োটিকের কার্যকারিতা ভয়াবহতা ও প্রয়োগ সীমাবদ্ধতা।
(ঙ) ডায়রিয়া ও মুখে খাবার স্যালাইন।

উপস্থিত চিকিৎসকগণকে জানিয়ে দেয়া যে তাঁদের নিজ গ্রামে পুনরায় সেমিনারে নিমন্ত্রন করা হবে এবং তাদেরকে উক্ত সেমিনারে নির্দিষ্ট বক্তব্য রাখতে হবে। ব্যক্তি স্বাস্থ্যের উপর ও মুখে খাওয়ার স্যালাইন ব্যবহারের ক্ষেত্রে বক্তব্য রাখা তথা পূর্ন সহযোগীতার আশ্বাস পেলে সার্টিফিকেট প্রদান করা হবে।

উল্লেখ্য কোন ক্রমেই কোন গ্রাম চিকিৎসক যোগাযোগের আওতা থেকে বাদ যাবে না।

৮। <u>চুলা কার্যক্রম</u> (Oven Programme)

জ্বালানী সংকট মোকাবেলা তথা দেশের প্রাকৃতিক ভারসাম্য বজায় রাখার জন্য উন্নত মানের চুলা প্রস্তুত করে জ্বালানীর সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতে চুলা কার্যক্রম গৃহীত হয়েছে।

<u>সম্প্রসারন প্রক্রিয়া</u> :

(ক) প্রতিটি সি আর পি টিমে আধুনিক চুলার ব্যবহার।
(খ) গ্রাম সেবিকা এবং দাইদের চুলার উপর ট্রেনিং প্রদান ও ব্যবহারের নিশ্চিত হওয়া।
(গ) গ্রাম সেবিকা এবং দাইয়ের মাধ্যমে প্রতিটি গ্রামে চুলার সম্প্রসারণ ও ব্যবহার প্রচলন করা।

৯। <u>প্রচার মাধ্যম সমূহ</u> (Publicity)

(ক) ব্যাপক প্রচারের জন্য।
(খ) জনগণের মধ্যে শিক্ষা ধরে রাখার জন্য।
(গ) মুখে খাওয়ার স্যালাইন ব্যবহারে জনগণকে উৎসাহিত করা।
(ঘ) জনস্বাস্থ্য ও ব্যক্তিস্বাস্থ্য ব্যাপারে শিশু অবস্থাতে গড়ে তোলার লক্ষে প্রচার।

(ক) লিফলেট বিতরণ :

যে সমস্ত ব্যক্তিবর্গের মধ্যে বিতরন করতে হবে তা হল :

(১) মৌলভী ও ইমাম সাহেব ।
(২) হাই স্কুলের সাধারন ছাত্র-ছাত্রী ।
(৩) গ্রাম ডাক্তার ।
(৪) টি সি সি সদস্য ।
(৫) দাই ও গ্রাম সেবিকা ।
(৬) প্রাইমারী স্কুলের মাস্টার ।
(৭) ইউ পি সদস্য ।
(৮) লেখাপড়া জানা ব্যক্তি ।

(খ) ফোল্ডার বিতরন :

(১) দাই ও গ্রাম সেবিকা ।
(২) পল্লী চিকিৎসক ।
(৩) সরকারী কর্মকর্তা ।
(৪) শিক্ষক শিক্ষয়িত্রী ।
(৫) শিক্ষিত লোক (পুরুষ মহিলা) ।

(গ) পোস্টার বিতরণ :

(১) উপজেলার সকল অফিস ।
(২) ইউনিয়ন পরিষদ ।
(৩) স্কুল মাদ্রাসা ।
(৪) ক্লাব ।
(৫) হাট বাজার ।
(৬) রেস্তোরা ঔষধের দোকান সেলুন ।
(৭) ডাকঘর থানা ।
(৮) অন্যান্য গুরুত্বপূর্ন স্থান ।

১০। রেকর্ডিং ও রিপোর্টিং ( Recording & Reporting )

(ক) রেজিস্টার (Register )
(১) হাজিরা বই ( Attendance Register )
(২) রোগীর পরিচর্যা রেজিস্টার ( Patient Care & Follow-up Register )
(৩) গ্রাম সেবিকা প্রশিক্ষন রেজিস্টার ( Village Sebika Traing Register )
(৪) দাই প্রশিক্ষন রেজিস্টার ( Dai Training Register )
(৫) কলস্ট্রাম ও বাড়তি খাবার খাওয়ানোর রেজিস্টার (Register on Colostrim & Supplementary Diet giving)

ক্রমিক নম্বর - ২, ৩ ও ৪ -এর ছক পূর্বে প্রদর্শ হয়েছে । হাজিরা বইয়ের ছক হবে:

## ATTENDANCE REGISTER

Team No.: Area No.:

| Sl.No. | Name of worker | DATES | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | |

Sick - S, Leave - L, Field - F, T - Travelling, R - Rest, Tr - Training.

<u>কলষ্ট্রাম ও বাড়তি খাবার রেজিষ্টারের ছক</u> :

ক. <u>কলষ্ট্রাম</u> :

| ক্রমিক নম্বর | মায়ের নাম | স্বামীর নাম | গ্রাম | পাড়া | জন্ম-এর তারিখ | কাহার দ্বারা খাওয়ানো হয়েছে। | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |
| | | | | | | | |

খ. <u>বাড়তি খাবার</u> :

| ক্রমিক নম্বর | বাচ্চার নাম | পিতার নাম | গ্রাম | পাড়া | বয়স | কাহার দ্বারা খাওয়ানো হয়েছে | ওজন মাপ | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | কর্মীর নাম | তারিখ |
| | | | | | | | | |
| | | | | | | | | |

(খ) <u>রিপোর্টিং ( Reporting ):</u>

(১) মাসিক সি, আর, পি টিম রিপোর্ট।
(Monthly CRP Team Report)
এতদ্ভিন্ন অন্যান্য তথ্যসমূহ স্বীয় ডাইরীতে লিপিবদ্ধ করতে হবে

(গ) <u>ফাইলিং (Filing)</u>

1) Administrative Orders & Circulars
2) Accounts
3) Correspondence
4) Challan File
5) Minutes of Meetings
6) Monthly Report
7) Misc.

১১। <u>টিমের কর্মীদের দায়িত্বসমূহ</u> ( Workers Duties & Responsibilities)

সুনির্দিষ্ট লক্ষ্যে পৌঁছার জন্য সংশ্লিষ্ট কর্মীগণ নিজ নিজ দায়িত্ব যথাযথ ভাবে আন্তরিকতার সাথে পালন করা উচিৎ। কর্মীদের দায়িত্ব সংক্ষিপ্ত আকারে নিম্নে দেয়া হলো :

(ক) <u>ও, আর, ডব্লিউ</u> :

(১) প্রতিটি খানা পরিদর্শন করা এবং ও, আর, ডব্লিউ টিম কর্তৃক জ্ঞান দেয়া খানাসমূহে ৭ পয়েন্ট ও এস, জি, এস, শেখানো।

(২) দাই ও গ্রাম সেবিকার বাছাই ও প্রশিক্ষণ।
(৩) দাই ও গ্রাম সেবিকার কাজ তদারকি।
(৪) প্রতিটি খানায় পুষ্টির শিক্ষাদান ও বাচ্চার মাপ গ্রহণ করা।
(৫) গ্রামে রোগী দেখে হলে চিকিৎসা করা। জনস্বাস্থ্য ও ব্যক্তি-স্বাস্থ্যের উপর [illegible] সভা, সেমিনার ইত্যাদি সংগঠিত করা।
(৭) ডায়রিয়া ক্লিনিক পরিচালনা করা।
(৮) ভিটামিন সাপ্লিমেন্ট কার্যক্রম পরিচালনা করা।
(৯) নবজাতদের কলোস্ট্রাম খাওয়ানো।
(১০) ৪ মাসের বাচ্চাদেরে বাড়তি খাবার খাওয়ানো।
(১১) বিবিধ।

(খ) <u>পি, এ</u> :

(১) জনস্বাস্থ্য কমিটি গঠন।
(২) দাই ও গ্রাম সেবিকা নির্বাচন, প্রশিক্ষণ ও তদারকি।
(৩) গ্রামে রোগী চিকিৎসা ও পরিচর্যা।
(৪) সেমিনারসমূহ সফল ভাবে সংগঠিত ও পরিচালনা।
(৫) ১০০% পুরুষ যোগাযোগ নিশ্চিত করা।
(৬) ভিটামিন সাপ্লিমেন্ট কার্যক্রম চালানো।
(৭) যথাযথ প্রতিরোধ করা।
(৮) ডায়রিয়া ক্লিনিক পরিচালনা।
(৯) সম্ভাব্য ক্ষেত্রে প্রতিষেধক কর্মসূচী বাস্তবায়ন করা।
(১০) মহিলা কর্মী তদারকি।
(১১) টিমের ব্যবস্থাপনা ও প্রশাসনিক ব্যবস্থা নিশ্চিত করা।
(১২) কর্মপরিকল্পনা প্রণয়ন ও তার সঠিক বাস্তবায়ন।
(১৩) রেকর্ড সংরক্ষণ ও রিপোর্টিং
(১৪) বিবিধ।

AYESHA ABED
LIBRARY
22/8/84
BRAC
66, Mohakhali C.A., Dacca-12